

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-১

বিভিন্ন দণ্ড/অধিদণ্ড/সংস্থায় পদায়ন নীতিমালা ২০১৭

শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দণ্ড/অধিদণ্ড/সংস্থায় বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তাগণের পদায়ন/প্রেষণে পদায়নের ক্ষেত্রে নিম্নরূপ নীতিমালা অনুসৃত হবে:

২.০ বিভিন্ন দণ্ড/অধিদণ্ড/সংস্থায় পদায়নের জন্য প্রতিবছর এপ্রিল ও অক্টোবর মাসে আঞ্চলীয় বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণের নিকট থেকে আবেদন গ্রহণ করা হবে;

৩.০ নির্ধারিত মাসের ১৫ থেকে ৩০ তারিখের মধ্যে অনুমোদিত ফরমে ই-মেইল যোগে আবেদন দাখিল করতে হবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট/প্রয়োজনীয় কাগজ-পত্রাদি সংযুক্ত করা যাবে। নির্ধারিত সময়ের আগে বা পরে দাখিলকৃত অথবা ই-মেইলে ব্যক্তিত অন্য কোন উপায়ে প্রেরিত/পেশকৃত আবেদন কোনভাবেই বিবেচনা করা হবে না।

৪.০ প্রাপ্ত আবেদনসমূহ বিবেচনার জন্য নিম্নরূপ দু'টি কমিটি থাকবে:

৪.১ আবেদনপত্র যাচাই কমিটি:

৪.১.১	কলেজ অনুবিভাগ প্রধান	আহবায়ক
৪.১.২	উপসচিব (কলেজ)	সদস্য
৪.১.৩	সিনিয়র সহকারী সচিব (সরকারি কলেজ-১)	সদস্য সচিব

কমিটি আবেদনপত্র জমার শেষ কর্মদিবসের পর ১০ (দশ) দিনের মধ্যে প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের তালিকা প্রণয়ন করবে।

৪.২ প্রার্থী যাচাই কমিটি:

৪.২.১	মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়	সভাপতি
৪.২.২	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	সদস্য
৪.২.৩	সংশ্লিষ্ট অনুবিভাগ/প্রতিষ্ঠান প্রধান	সদস্য
৪.২.৪	উপসচিব (কলেজ)	সদস্য সচিব

উক্ত কমিটি সুবিধামতো সময়ে প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের সাক্ষাত্কার গ্রহণপূর্বক একটি ফিলিস্ট প্রস্তুত করবে। উক্ত ফিলিস্ট থেকে পদায়ন করা হবে।

৫.০ কোন কর্মকর্তা একটি দণ্ড/অধিদণ্ড/সংস্থার একাদিক্রমে ০৩ (তিনি) বছরের বেশী কর্মরত থাকতে পারবেন না।

৬.০ কোন কর্মকর্তাকে একটি দণ্ড/অধিদণ্ড/সংস্থা/প্রকল্প থেকে বদলি করে অন্য কোন দণ্ড/অধিদণ্ড/সংস্থায় বদলি করা যাবে না। মধ্যবর্তী সময়ে তাকে কোন কলেজে ন্যূনতম দু'বছর কাজ করতে হবে।

৭.০ একজন কর্মকর্তা সমগ্র চাকরি জীবনে অনধিক তিনবার তবে সর্বমোট ০৬ (ছয়) বছরের বেশী দণ্ড/অধিদণ্ড/সংস্থায় কর্মরত থাকতে পারবেন না। তবে এ ক্ষেত্রে কোন কারণে ওএসডি হিসেবে কর্মকালকে বিবেচনা করা হবে না।

৮.০ (এই নীতিমালায় যা-ই থাক না কেন) সরকার জরুরি প্রয়োজনে যে কোন সময় যে কোন কর্মকর্তাকে যে কোন দণ্ড/অধিদণ্ড/সংস্থায় পদায়ন করতে পারবে।

৯.০ এ নীতিমালায় জারির পর থেকে এ বিষয়ে পূর্বে গৃহীত অন্য যে কোন সিদ্ধান্ত/নীতিমালা এ সব প্রতিষ্ঠানে নিয়োগের ক্ষেত্রে অকার্যকর বলে গন্য হবে।

স্বাঃ

তারিখ: ১০.০৪.২০১৭

(মোঃ সোহরাব হোসাইন)

সচিব


মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৭.১৪.০০১.২০১৭-৩৮৮-শিক্ষা,

তারিখ: ২৭ চৈত্র ১৪২৩
১০ এপ্রিল ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫. মাননীয় মন্ত্রীর একাত্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অধ্যক্ষ,।
৭. সচিব মহোদয়ের একাত্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১০. পিও টু অতিরিক্ত সচিব (সরকারি কলেজ)/উপ-সচিব (সরকারি কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।


(এ. জেড. এম. নূরুল হক)
উপসচিব